যুগান্তর

তারিখ ... JUN. 08. 2006
পৃষ্ঠা ২০ কলাম ১



পিআইডি

*প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বুধবার ফেনীতে ছাগলনাইয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ উদ্বোধন শেষে মোনাজাত করেন*

# নতুন বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ আরও বাড়বে

## • ফেনী গার্লস ক্যাডেট কলেজ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

যতন মজুমদার/নুরুজ্জামান সুমন, *ফেনী থেকে*

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নতুন বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ আরও বাড়ানোর ঘোষণা দিয়েছেন। তিনি আরও বলেছেন, বর্তমান সরকার মনে করে একজন শিক্ষিত মা তার সন্তানদের জন্য যেমন আদর্শ তেমনি সমাজেরও সম্পদ। একজন ক্ষিত মা শুধু নিজের সন্তানদের শিক্ষিত করেই ালেন না, সমাজকেও আলোকিত করেন। ন্য বর্তমান জোট সরকার নারী শিক্ষার ওপর শষ জোর দিয়েছে। মেয়েদের দ্বাদশ শ্রেণী পর্যন্ত া বেতনে লেখাপড়ার ব্যবস্থা করা হয়েছে। বই নার জন্য আর্থিক সহায়তা এবং পাবলিক ক্ষায় ফি ও মেধাবী ছাত্রীদের বৃত্তি দেয়া হচ্ছে। গামীতে এ সুবিধা ডিগ্রি পর্যন্ত বাড়ানো হবে। বার ফেনী গার্লস ক্যাডেট কলেজের আনুষ্ঠানিক াধনী ভাষণে তিনি এ কথা বলেন। তিনি আরও ন, নারী শিক্ষার প্রসারে সরকারের অগ্রাধিকার

নমন্ত্রী : পৃষ্ঠা ১৮ : কলাম ১

## প্রধানমন্ত্রী : ফেনী

(২০ পৃষ্ঠার পর)

প্রকল্প হিসেবেই ফেনী ও জয়পুরহাটে গার্ল ক্যাডেট কলেজ স্থাপন করা হল। এর ফলে না শিক্ষার ক্ষেত্রে সম্ভাবনার এক নতুন দ্বার উন্মোচি হল। প্রধানমন্ত্রী বলেন, এ বছরের এপ্রিল থেকে দুটি কলেজেই শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে যথাসময়ে শিক্ষা কার্যক্রম শুরু করতে পারায় তি সবাইকে ধন্যবাদ জানান। তিনি ক্যাডেট কলেজে শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, তিনি আশা করে সবাই লেখাপড়ায় পুরোপুরি মনোনিবেশ করবে একজন চৌকস ক্যাডেট ও সুনাগরিক হিসে নিজেদের গড়ে তুলতে সর্বদা সচেষ্ট থাকবে। তি শিক্ষার্থীদের সাফল্য ও উজ্জ্বল ভবিষ্যৎ কাম করেন। বেগম খালেদা জিয়া বলেন, এই ফে গার্লস ক্যাডেট কলেজের উদ্বোধন উপলে উপস্থিত হতে পেরে তিনি আনন্দিত। তিনি বলে ফেনীবাসীসহ এ অঞ্চলের মানুষের দীর্ঘদিনে একটি প্রত্যাশা আজ বাস্তবে রূপলাভ করল শিক্ষা, বিশেষ করে মানসম্পন্ন নারী শিক্ষার ক্ষে এ এলাকা আরও একধাপ এগিয়ে গেল। তি কলেজের পরিচালনা পরিষদ, শিক্ষকমণ্ডলী শিক্ষার্থীসহ প্রিয় ফেনীবাসীকে শুভেচ্ছা অভিনন্দন জানান। প্রধানমন্ত্রী বলেন, বর্তমা সরকার বিশ্বাস করে 'শিক্ষাই জাতির মেরুদণ্ড মানুষকে সত্যিকার মানুষে এবং দক্ষ মানবসম্প পরিণত করতে হলে শিক্ষার কোন বিকল্প নেই গত মেয়াদের মতো এবারও সরকার গঠন ক আমরা তাই শিক্ষার ওপরই সবচেয়ে বেশি গুরু দিয়ে আসছি। শিক্ষার প্রসার, মানউন্নয়ন ও সবা কাছে সহজলভ্য করার জন্য নানামুখী কর্মসূ বাস্তবায়ন করা হচ্ছে। প্রতি বাজেটে বরা বাড়িয়েছি। আগামী বাজেটে এ বরাদ্দ আর বাড়বে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঢা থেকে হেলিকপ্টারযোগে ফেনী আসেন হেলিকপ্টারটি ফেনী ক্যাডেট কলেজ মাঠে নামা পর হাজার হাজার নারী-পুরুষ ভিড় জমান এব হাত নেড়ে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী হাত নেড়ে শুভেচ্ছা বিনিময় করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য পাঠ করে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সভাপ প্রতিরক্ষা সচিব মামুদুল হাসান মনসুর। ধর্মপু ২৭ দশমিক ৭৯ একর জমির ওপর ১৫ কো টাকা ব্যয়ে এই ক্যাডেট কলেজ নির্মিত হয়েছে ইতিমধ্যে ১০০ ছাত্রী দিয়ে কলেজের কার্যক্রম শু হয়েছে। ক্যাডেট কলেজটির অসমাপ্ত কা পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে।

অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন কলেজের অধ্য ফায়েজুল হাসান। উদ্বোধন শেষে প্রধানমন্ত্রী নির্বাচনী এলাকা ছাগলনাইয়া উপজেলার উদ্দে সড়কপথে যাত্রা করেন। তিনি ছাগলনাই উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫ শয্যায় উন্নীতকরণের নতুন ভবন উদ্বোধন করে এবং ছাগলনাইয়া উপজেলা সদরে ছাগলনাই ফায়ার ব্রিগেড স্টেশনের ভিত্তিপ্রস্তর স্থাপন কে আবার ফেনী এসে ঢাকার উদ্দেশে রওনা হন। তা সফরসঙ্গী হিসেবে ছিলেন ফেনী-১ আসনে সাংসদ প্রধানমন্ত্রীর ছোট ভাই মেজর (অব.) সাঈ এস্কান্দার, ফেনী-২ আসনের সাংসদ অধ্যাপ জয়নাল আবেদীন ভিপি, ফেনী-৩ আসনের সাংস